# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৩৯

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - বিয়ের ওয়ালী (অভিভাবক) এবং নারীর অনুমতি গ্রহণ প্রসঙ্গে

## আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ وَأَنَس بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فِي التَّوْرَاةِ مَكْتُوبٌ: مَنْ بَلَغَتِ ابْنَتُهُ اثْنَتَيْ عَشْرَةَ سَنَةً وَلَمْ يُزَوِّجْهَا فَأَصَابَتْ إِثْمًا فَإِثْمُ ذَلِك عَلَيْهِ ». رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي« شُعَبِ الْإِيمَانِ

## বাংলা

৩১৩৯-[১৪] ’উমার ইবনুল খত্ত্বাব ও আনাস ইবনুল মালিক (রাঃ) হতে বর্ণিত। তাঁরা উভয়ে বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (মূসা (আঃ)-এর ওপর অবতীর্ণ) তাওরাত কিতাবে লেখা আছে যে, যখন কারো কন্যা সন্তান বারো বছর বয়সে পৌঁছে, আর সে যদি তার বিয়ে না দেয়, আর তার দ্বারা যদি কোনো পাপকর্ম হয়, তবে ঐ পাপকর্ম পিতার ওপর বর্তাবে।

(উপরোক্ত হাদীস দু’টি [৩১৩৮-৩১৩৯] বায়হাক্বী-এর শু’আবুল ঈমানে বর্ণনা করেন)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবুল ঈমান ৮৩০৩। কারণ এর সনদে আবূ বাকর বিন আবী মারইয়াম একজন দুর্বল রাবী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন